

জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nha.gov.bd

মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে
প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ দেলওয়ার হায়দার চেয়ারম্যান জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
তারিখ	:	১৩ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ
সময়	:	বেলা ২:৩০ ঘটিকা
স্থান	:	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাক্ষর পরিশিষ্ট-ক তে সংযুক্ত করা হলো।

মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং মহান স্বাধীনতা যুদ্ধে আত্মবিসর্জনকারী ৩০(ত্রিশ) লক্ষ বীর মুক্তিযোদ্ধা ও নিজেদের আত্মসম্ভ্রম বিলিয়ে দেয়া ০২ (দুই) লক্ষ মা-বোনদের গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। একই সাথে তিনি ১৪ ডিসেম্বর দেশের জন্য নিজেদের জীবন বিলিয়ে দেয়া বিভিন্ন শ্রেণী পেশার শহীদ বুদ্ধিজীবীদেরকেও বিনম্র শ্রদ্ধায় স্মরণ করেন। তিনি বলেন যে, মহান বিজয় দিবস ১৬ ই ডিসেম্বর আমাদের জাতীয় জীবনে একটি গুরুত্বপূর্ণ দিন। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ সভার মাধ্যমে কর্মসূচী নির্ধারণ করা হবে। আমরা অত্যন্ত সৌভাগ্যবান যে এ বছর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপনের কার্যক্রম তথা মুজিববর্ষের চলমান অনুষ্ঠানের কর্মসূচীতে অংশগ্রহণের সুযোগ পেয়েছি। এছাড়াও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপনের বিষয়কে উল্লেখ করে তিনি বিজয় দিবস-২০২১ কে আরও জীবনকপূর্ণ, বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনে সকলকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের অনুরোধ জানান।

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০১.৪২.০০১.২১-২৩ নং পত্রের প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৭.১২ (অংশ-৪)-৭৭৬, তারিখ: ১৯.১০.২০২১ এর মাধ্যমে মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে ১৭.০৮.২০২১ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত মোতাবেক সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের জন্য কর্মসূচী নির্ধারণ করা হয়েছে। সে আলোকে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র.	তারিখ/সময়	কর্মসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	১৩.১২.২০২১ হতে ১৭.১২.২০২১ পর্যন্ত	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্রধান কার্যালয়ে আলোক-সজ্জা	নির্বাহী প্রকৌশলী, ঢাকা ডিভিশন-২ ই/এম ডিভিশন
২।	১৬.১২.২০২১ (সূর্যোদয়ের সাথে সাথে)	প্রধান কার্যালয় এবং বিভাগীয় দপ্তরসমূহে জাতীয় পতাকা উত্তোলন	উপপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)/ সকল নির্বাহী প্রকৌশলী
৩।	১৬.১২.২০২১	সকল আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ স্থানীয় জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে বিজয় দিবসের বিভিন্ন কর্মসূচীতে অংশগ্রহণ করবে	সকল নির্বাহী প্রকৌশলী
৪।	১৯.১২.২০২১	সন্ত্রাস, জঙ্ঘিবাদ ও মাদক বিরোধী কার্যক্রমে জনমত সৃষ্টির লক্ষ্যে আলোচনা ও শহিদ মুক্তিযোদ্ধাদের বিদেহী আত্মার মাগফেরাত/মুক্তিযোদ্ধা/যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের সুস্বাস্থ্য এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদে বিশেষ মোনাজাত/প্রার্থনা	পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)
৫।	৩১.১২.২০২১ (বিকাল ১৫:০০ টা)	'জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার' শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। স্থান: জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ সম্মেলন কক্ষ।	পরিচালক (প্রশাসন ও অর্থ)